

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬১.১৮.- ৬০

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৫

০৩ মার্চ ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৩৩৫৪/২০১৮ মামলায় ১১.১১.২০১৮ খ্রি. তারিখের
রুলিং অনুযায়ী কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসার
ভারপ্রাপ্ত সুপার পদে দায়িত্ব পালনকারী জনাব মফিজুল হক ফারাজীকে অব্যাহতিক্রমে সহ সুপার
জনাব মো: শাহ আলমকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান প্রদর্শিত।

- সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ/১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ: ০৬.০৬.২০১১ খ্রি:।
(২) রিট পিটিশন নং-১৩৩৫৪/২০১৮ মামলার রুলিং তারিখ: ১১.১১.২০১৮ খ্রি:।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.২২৭.১৮-৫০০ তারিখ:
১১.১২.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার
রাজারহাট উপজেলাধীন নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসার সুপারের পদটি শূন্য হওয়ায় ভারপ্রাপ্ত সুপার পদে বর্ণিত মাদ্রাসার
সহকারি মৌলভী জনাব মফিজুল হক ফারাজীকে দায়িত্বভার অর্পণ করা হয় মর্মে সূত্রে বর্ণিত ০২ ও ০৩ নং স্মারকের মাধ্যমে জানা
যায়।

০২. বর্ণিত মাদ্রাসায় কর্মরত সহ সুপার জনাব মো: শাহ আলমকে ভারপ্রাপ্ত সুপার পদে দায়িত্বভার অর্পণ না করায় তিনি সংশ্লিষ্ট
হয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সহ ০৯ জনকে প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের
করেন যার নং-১৩৩৫৪/২০১৮। উক্ত মামলায় ১১.১১.২০১৮ খ্রি. তারিখে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়:

“This court doth order and do issue a Rule Nisi calling upon you the
aforesaid respondents to show cause on or before the 09th December, 2018
as to why the inaction of the respondent No. 1 in not disposing of the
representation dated 06.09.2018 filed by the petitioner praying for taking
necessary steps in respect of handover of charge of the acting
superintendent to the respondent No. 8 by superseding the seniority,
should not be declared to be without lawful authority and is of no legal
effect and/or such other of further order or further order or orders be
passed as to this court may seem fit and proper.”

০৩. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মর্মমতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রতিষ্ঠান প্রধানের অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান কে
হবেন এ সংক্রান্ত পরিপত্রে নিম্নরূপ নির্দেশনা দেয়া আছে:

“প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক থাকা অবস্থায় তাঁকে ভিন্ন অপর কোন শিক্ষককে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বভার
অর্পণ করা যাবে না। সহকারী প্রধান শিক্ষকের পক্ষে কোন কারণে দায়িত্ব গ্রহণে অপরগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।”

০৪. শিক্ষা মন্ত্রণালয়ের উপরোক্ত নির্দেশনা অনুযায়ী বর্ণিত মাদ্রাসার সহকারী সুপার জনাব মো: শাহ আলমকে ব্যাতিরেকে সহকারী মৌলভী জনাব মফিজুল হক ফারাজীকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করা বিধি বহির্ভূত বলে প্রতীয়মান হয়।

০৫. বর্ণিত মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মফিজুল হক ফারাজীকে ভারপ্রাপ্ত সুপারের পদ থেকে অব্যাহতি দিয়ে সহ সুপার জনাব মো: শাহ আলমকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদানের মাধ্যমে মহামান্য হাইকোর্টের বর্ণিত মামলাটি নিষ্পত্তি করা আবশ্যিক।

০৬. এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৩৩৫৪/২০১৮ মামলায় ১১.১১.২০১৮ খ্রি. তারিখের রুলিং অনুযায়ী কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার পদে দায়িত্ব পালনকারী জনাব মফিজুল হক ফারাজীকে অব্যাহতিক্রমে সহ সুপার জনাব মো: শাহ আলমকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করার জন্য মহোদয়গণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০-৩-২০১৯

নাজনীন সুলতানা
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ২) সভাপতি, নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬১.১৯.-/১(৫)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৫
০৩ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৩) সহ সুপার, জনাব মো: শাহ আলম, নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৪) সহকারী মৌলভী জনাব মফিজুল হক ফারাজী, নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৫) অফিস কপি।



০-৩-২০১৯

নাজনীন সুলতানা
সহকারী পরিচালক